

বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১

রুপাতলী, বরিশাল।

Email: bapbs1@gmail.com

স্মারক নং: ২৭.১২.০৬৫১.৫৩৯.০১.০৩৮.২৫. ৫৫৭০

তারিখঃ- ৩ আষাঢ় ১৪৩২ স্বাদ
১৮ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

“Digital Time Attendance System with Installation” ক্রয়ের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ) দরপত্র

প্রতি,

১. জেনারেল ম্যানেজার, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জন্য “Digital Time Attendance System with Installation” সরবরাহের জন্য সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ বাংলাদেশের প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহ্বান করা যাচ্ছে।
২. এতদসঙ্গে সংযুক্ত “কোটেশন দলিল” ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট pbs1.barisal.gov.bd তে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।
৩. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৫ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত স্থানে **জেনারেল ম্যানেজার, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১, রুপাতলী, বরিশাল সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাজে দাখিল করতে হবে।**
৪. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
৫. **সিলমোহরকৃত খাম আগামী ২৫-০৬-২০২৫ খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১২:০০ ঘটিকার মধ্যে** কোটেশনের খামে “Digital Time Attendance System with Installation” সরবরাহের জন্য কোটেশন এবং **আগামী ২৫-০৬-২০২৫ খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১২:০০ ঘটিকার এর আগে খোলা যাবে না**” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৬. Licence for Digital Time Attendance Software: 10 Devices
৭. Tenderer Must Submit Manufacturer Authorization Letter for Digital Time Attendance Device, Digital Time Attendance Software and UTP Cat 6 Cable.
৮. প্রাপ্ত দরপত্র সমূহ **২৫-০৬-২০২৫ খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১২:০৫ ঘটিকার** সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট pbs1.barisal.gov.bd এ দেখা যাবে।
৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৩০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।
১০. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৩ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।
১১. গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে মালামাল গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে “Digital Time Attendance System with Installation” সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য


১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।
১২. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ **হালনাগাদকৃত বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সম্বলতার সনদ দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।
১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।
১৬. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
১৭. বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।


 (প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম)
 জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডে বহল প্রচারের জন্য) সদয় অবগতির জন্য।

- ১। পরিচালক, পবিস-১ মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৩। জেলা প্রশাসক, বরিশাল।
- ৪। পুলিশ সুপার, বরিশাল।
- ৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, বরিশাল।
- ৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি -১/২/৩/৪।
- ৭। ডিজিএম(সকল জোনাল অফিস), বরিশাল পবিস-১।
- ৮। মেসার্স-----।
- ৯। ওয়েব সাইট/নোটিশ বোর্ড, সদর দপ্তর, বপবিস-১।
- ১০। অফিস কপি/মাস্টার কপি।

আগামী ২৫/০৬/২০২৫খ্রিঃ তারিখ উপস্থিত থেকে দরপত্র মূল্যায়ন কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।


 (প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম)
 জেনারেল ম্যানেজার